



শিক্ষা খাতে জিডিপি ৫ শতাংশ ব্যয়ের পরিকল্পনা করছে সরকার: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

দেশের শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ও ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ করে গড়ে তুলতে শিক্ষা খাতে বড় ধরনের বিনিয়োগের পরিকল্পনার কথা জানিয়েছেন শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। তিনি বলেন, শিক্ষা খাতে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ৫ শতাংশ পর্যন্ত ব্যয় করতে সরকার প্রস্তুত।

বৃহস্পতিবার (৭ মে) রাজধানীর হোটেল শেরাটনে ইউনিসেফ আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

তিনি আরও জানান, অতীতে শিক্ষা খাতে বরাদ্দ দেড় শতাংশের বেশি ছিল না। এখন দক্ষ মানবসম্পদ তৈরির লক্ষ্যেই বিনিয়োগ বাড়ানো হচ্ছে। পাশাপাশি প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও ডিজিটাল ক্লাসরুম চালুর উদ্যোগ নেওয়া হয়েছে, যা আগের সরকার কার্যকরভাবে বাস্তবায়ন করতে পারেনি।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ড. মাহদী আমিন বলেন, শিক্ষকতা পেশার মর্যাদা এমনভাবে বাড়াতে হবে যাতে মেধাবী তরুণরা এটিকে প্রথম পছন্দ হিসেবে বেছে নেয়।

LENS ASIA